দৈনিক সংবাদ

তারিখ 30 DEC 1993
পৃষ্ঠা ১ কলাম ১

৩২

# ৭৩-এর বিশ্ববিদ্যালয় আদেশ সংশোধন না করার আহ্বান

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক জরুরী সভা থেকে শান্তিপূর্ণ শিক্ষার পরিবেশ, স্বায়ত্তশাসন, গণতন্ত্র ও মুক্তিযুদ্ধের মূল্যবোধ রক্ষার স্বার্থে বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ সংশোধন না করার জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়।

আদেশ : পৃঃ ৬ কঃ ৭

## আদেশ : সংশোধন করার আহ্বান

(১ম পৃষ্ঠার পর)

গতকাল বিকেল ৪টা থেকে সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন অধ্যাপক সাঈদ-উর-রহমান। সভায় বক্তৃতা করেন অধ্যাপক এ, কে আজাদ চৌধুরী, অধ্যাপক ডঃ রঙ্গলাল সেন, অধ্যাপক কে, এ, এম সা'দ উদ্দিন, ফেরদৌস হোসেন, সৈয়দ আহমদ খান ও আরিফ বিল্লাহ।

শিক্ষকদের মতামত ছাড়াই শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটি কর্তৃক বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ সংশোধন করার সিদ্ধান্ত নেয়ায় সভা থেকে তীব্র নিন্দা জানানো হয়।

সভায় বক্তারা বলেন, বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ সংশোধন করা হলে শিক্ষার পরিবেশ ও গণতান্ত্রিক পরিবেশ নষ্ট হবে এবং শিক্ষকদের নিরাপত্তা বিঘ্নিত হবে। তারা বলেন, এর ফলে বিশ্ববিদ্যালয়গুলোতে সরকারের স্বৈরতান্ত্রিক শাসন প্রতিষ্ঠিত হবে।

সভা থেকে সিদ্ধান্ত নেয়া হয়, আগামী ২রা জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার পর শিক্ষক সমিতির পক্ষ থেকে সাংবাদিক সম্মেলন এবং বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ সংশোধনের সরকারী উদ্যোগের প্রতিবাদে প্রতিবাদ মিছিলের আয়োজন করা হবে। এছাড়া বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ প্রবর্তনের পটভূমি এবং এর গণতান্ত্রিক বিধান তুলে ধরে শিক্ষক সমিতি একটি বক্তব্য তৈরি করবে। এ বক্তব্যের কপি রাষ্ট্রপতি, স্পীকার, প্রধানমন্ত্রী, বিরোধীদলীয় নেত্রী, মন্ত্রিসভার সদস্য, সংসদ সদস্য, রাজনৈতিক দলের প্রধান, পেশাজীবী সংগঠনের প্রধান, ও নেতৃবৃন্দদের দেয়া হবে।

উল্লেখ্য, আগামীকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কার্যকর পরিষদের নবনির্বাচিত কর্মকর্তারা বিদায়ী কর্মকর্তাদের কাছ থেকে দায়িত্ব নেবেন। নবনির্বাচিত কর্মকর্তারা গতকালের সভায় নির্ধারিত কর্মসূচীগুলোর তারিখ ঘোষণা করবেন।